দৈনিক খবর

তারিখ 10 SEP 1992
পৃষ্ঠা ৩ কলাম ৫২

62

# বিশ্ববিদ্যালয় পরিস্থিতি পর্যালোচনা

বাসস জানায় ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামানের সভাপতিত্বে গতকাল বুধবার অনুষ্ঠিত এক বৈঠকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি এবং বহিরাগত ও অস্ত্রধারীদের বহিষ্কার করার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক ও সহকারী আবাসিক শিক্ষক এবং বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ও সহকারী প্রোক্টর বৈঠকে অংশগ্রহণ করেন।

বৈঠকে আভ্যন্তরীণ প্রশাসনিক কর্তৃপক্ষ প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়। এ

২ এর পাতায় দেখুন

## বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ব্যাপারে বিস্তারিত অবিলম্বে ছাত্রদের জানানো হবে। বৈঠকে ছাত্রদের নিয়মিত হাজিরা নেয়ার, বহিরাগতদের অনুপ্রবেশ রোধ করার জন্যে সর্বক্ষণ সতর্ক থাকার, ছাত্রদের পরিচয়পত্র তল্লাশী করা, রাতে হলের গেট বন্ধ রাখা এবং মেধার ভিত্তিতে ছাত্রদের সিট বরাদ্দ করার সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে আগামী অক্টোবরের আগে হলে কোন গেস্ট থাকার অনুমতি না দেয়ার সিদ্ধান্তও নেয়া হয়।